দৈনিক ইত্তেফাক

তারিখ ... 27 JUN 1996 ...
পৃষ্ঠা ৪ কলাম ৮

# এডিপি'তে শিক্ষা ও ধর্মীয় খাতে বরাদ্দ বৃদ্ধি

বাসস ।। সরকার শিক্ষা এবং ধর্মীয় খাতে বরাদ্দ বৃদ্ধি করিয়াছেন। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) শতকরা ৬০ দশমিক ১৯ ভাগ বরাদ্দ করা হইয়াছে এই খাতে।

(২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এডিপিতে শিক্ষা

(১ম পৃঃ পর)

১৯৯৬-৯৭ অর্থ বছরের জন্য সর্বোচ্চ ১৭৬৮ কোটি ৬৭ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। ১৯৯৫-৯৬ অর্থ বছরের জন্য সংশোধিত বরাদ্দ ছিল ১১০৪ কোটি ১২ লক্ষ টাকা। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের আওতায় ২৫টি, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় ৪৪টি, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতায় ৫টি এবং ধর্মমন্ত্রণালয়ের আওতায় ৯টি প্রকল্প বাস্তবায়ন করা হইবে। ৮টি কারিগরি সহযোগিতা প্রকল্পের মধ্যে ২টি প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের আওতায় এবং ৬টি শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়ন করা হইবে।

এই খাতের মোট বরাদ্দের মধ্যে স্থানীয় সম্পদ হইতে ১১৭০ কোটি ১ লক্ষ টাকা, এবং প্রকল্প সাহায্য হইতে ৫৯৮ কোটি ৬০ লক্ষ টাকা সংগ্রহ করা হইবে। ১৯৯৬-৯৭ অর্থবছরের প্রকল্প ৯২টি। উহার বিনিয়োগ প্রকল্পের আওতায় ৮২টি, কারিগরি সহায়তার আওতায় ৮টি এবং নিজস্ব সম্পদের আওতায় ২টি প্রকল্প রহিয়াছে। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ ১টি প্রকল্প এবং শিক্ষা মন্ত্রণালয় ১টি প্রকল্প নিজস্ব সম্পদ হইতে বাস্তবায়ন করিবে।

১৯৯৬-৯৭ সনের প্রধান প্রকল্পগুলি হইতেছে : প্রাথমিক স্কুল তথা ঘূর্ণিঝড় কেন্দ্র নির্মাণ, ৪ হাজার স্যাটেলাইট স্কুল নির্মাণ, হোম ইকনমিক কলেজ প্রজেক্ট, ৩৫০টি কলেজ উন্নয়ন ইত্যাদি।